

এইচএসসিতে পাসের হার ৪৮ দশমিক ৩৭

গাজীপুর প্রতিনিধি

১৬ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৫ সেপ্টেম্বর ২০১৯ ২৩:৫৮

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) অধীনে ২০১৯

সালের এইচএসসি প্রোগ্রামের প্রথম ও দ্বিতীয় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের তথ্য গণসংযোগ বিভাগের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ড. মহা. শফিকুল আলম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, এবার বাউবির এইচএসসি প্রোগ্রামের প্রথম ও দ্বিতীয় বর্ষের পরীক্ষায় ১ লাখ ৪৮ হাজার ৬৬৫ জন অংশগ্রহণ করে। এর মধ্যে চূড়ান্ত পরীক্ষায় অংশ নেয় ৭০ হাজার ৮১৬ জন। এতে বিভিন্ন গ্রেডে ৩৪ হাজার ২৫১ জন কৃতকার্য হয়। পাসের হার ৪৮ দশমিক ৩৭ শতাংশ। কৃতকার্যদের মধ্যে ৬৪০ জন ‘এ’, ৪ হাজার ২২৮ জন ‘এ(Ñ)’, ১২ হাজার ২৭৯ জন ‘বি’, ১৪ হাজার ১৪১ জন ‘সি’ এবং ২ হাজার ৯৬৩ জন ‘ডি’ গ্রেডে উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ১৭ হাজার ৪২৫ ছাত্র ও ১৬ হাজার ৮২৬ ছাত্রী। একই সঙ্গে ৭৭ হাজার ৮৪৯ জন প্রথম বর্ষের শিক্ষার্থীর পরীক্ষার ফলও প্রকাশ করা হয়েছে।

advertisement